



অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 1/17/2022

গভর্নর ক্যাথি হোকল

মার্টিন লুথার কিং জুনিয়র দিবসের স্মরণে নিউ ইয়র্কের বিখ্যাত স্থানগুলো আলোকিত করার জন্য গভর্নর হোকলের ঘোষণা

গভর্নর ক্যাথি হোকল আজ ঘোষণা করেছেন যে মার্টিন লুথার কিং জুনিয়র দিবস উপলক্ষে আজ রাতে, 17 জানুয়ারী, 2022 তারিখে নিউ ইয়র্ক স্টেটের বিখ্যাত স্থানগুলো লাল, সবুজ ও কালো লাইট দিয়ে আলোকিত করা হবে।

"আজ আমরা ন্যায়বিচার, শান্তি, সমতা, ও ভালোবাসা সম্পর্কে ড. মার্টিন লুথার কিং জুনিয়রের শিক্ষা এবং জীবনভর অবিচারের মোকাবেলা করা সত্ত্বেও লোকজনের প্রতি তার গভীর, স্থায়ী আস্থাকে স্মরণ করছি" বলেছেন গভর্নর হোকল। "ড. কিং এর ইতিহাস উদযাপনের পাশাপাশি তার সেই আস্থাকে ধরে রাখা এবং একটি উন্নত, অধিকতর ন্যায়পরায়ণ সমাজ গড়ে তোলার জন্য আমাদের সাধ্যমতো সকল প্রচেষ্টা চালানো আমাদের প্রত্যেকের দায়িত্ব। বিভক্ত থাকলে আমরা একাকী ভেঙ্গে পড়বো, কিন্তু একতাবদ্ধ থাকলে আমরা একসঙ্গে মাথা তুলে দাঁড়াতে পারবো।"

মার্টিন লুথার কিং জুনিয়র দিবসের স্বীকৃতিতে যেসব বিখ্যাত স্থানগুলো আলোকিত করা হবে সেগুলোর মধ্যে রয়েছে:

- ওয়ান ওয়ার্ল্ড ট্রেড সেন্টার (One World Trade Center)
- গভর্নর মারিও এম. কুওমো ব্রিজ (Mario M. Cuomo Bridge)
- কস্কুইজকো ব্রিজ (Kosciuszko Bridge)
- এইচ. কার্ল ম্যাককল সানি বিন্ডিং
- রাষ্ট্রীয় শিক্ষা ভবন
- আলফ্রেড ই. স্মিথ স্টেট অফিস বিন্ডিং (Alfred E. Smith State Office Building)
- স্টেট ফেয়ারগ্রাউন্ডস - প্রধান গেট ও এক্সপো সেন্টার
- "ফ্রাঙ্কলিন ডেলানো রুজভেল্ট" মধ্য-হাডসন ব্রিজ
- গ্র্যান্ড সেন্ট্রাল টার্মিনাল - পারশিং স্কয়ার ভায়াডাক্ট
- অ্যালবানি আন্তর্জাতিক বিমানবন্দর গেটওয়ে (Albany International Airport Gateway)

গভর্নর হোকল [ডিসেম্বর মাসে ঘোষণা দিয়েছিলেন](#) যে ড. মার্টিন লুথার কিং জুনিয়র এর জীবন ও ইতিহাসের বার্ষিক স্মৃতিচারণ অনুষ্ঠানটি "নিউ ইয়র্ক স্টেট কর্তৃক ড. মার্টিন লুথার কিং

জুনিয়রের স্মৃতি উদযাপন: সুযোগ ও সম্ভাবনা" শীর্ষক একটি ব্রডকাস্ট অনুষ্ঠান হিসেবে MLK দিবসের সপ্তাহান্ত থেকে শুরু করে নিউ ইয়র্কের PBS স্টেশনগুলোতে প্রচারিত হবে এবং empirestateplaza.ny.gov/nyking ওয়েবসাইটে স্ট্রিমিং করা হবে। ড. কিং এর প্রতি এই এক ঘণ্টার স্মৃতিচারণ অনুষ্ঠানে সামাজিক ন্যায়বিচার, স্বাধীনতা, ও সমতার ব্যাপারে আমেরিকার অন্যতম উল্লেখযোগ্য নেতার আদর্শগুলো লালনকারী নিউ ইয়র্ক স্টেটব্যাপী বিভিন্ন লোকজন ও সংস্থার কথা তুলে ধরা হবে। অনুষ্ঠানের সময়সূচি অঞ্চলভেদে ভিন্ন হবে, এবং দর্শকদের তাদের স্থানীয় TV অনুষ্ঠানসূচি দেখার জন্য উৎসাহিত করা হচ্ছে।

পারফর্ম্যান্সের পাশাপাশি, নিউ ইয়র্ক স্টেট ড. মার্টিন লুথার কিং জুনিয়র শিক্ষার্থীদের শিল্পকর্ম ও প্রবন্ধ প্রদর্শনী দেখার জন্য লোকজনকে আমন্ত্রণ জানানো হয়েছে, যেখানে K-12 শিক্ষার্থীদের জমা দেওয়া ড. কিং এর অসহিংসতার ছয়টি মূলনীতি দ্বারা অনুপ্রাণিত শিল্পকর্ম ও প্রবন্ধ উপস্থাপন করা হবে। 17 জানুয়ারি থেকে 28 ফেব্রুয়ারি পর্যন্ত এই ভার্চুয়াল গ্যালারি ঘুরে দেখা যাবে empirestateplaza.ny.gov/nyking ঠিকানায়।

NYS-এর মানবাধিকার বিভাগ (Division of Human Rights)-এর ভারপ্রাপ্ত কমিশনার মারিয়া ইমপেরিয়াল বলেন, "আজ আমরা ড. কিং এর প্রতি সম্মান জানাচ্ছি এবং আমাদের বিশ্বকে রূপদান করা ও মানুষ হিসেবে আমরা কোথায় অবস্থান করতে চাই সে সংজ্ঞায়নের ক্ষেত্রে তার অবদানকে স্বরণ করছি। কমিউনিটির সাথে সম্পৃক্ত হওয়া এবং মহান নিউ ইয়র্ক স্টেটব্যাপী মানবাধিকার আইন প্রয়োগ করার ক্ষেত্রে মানবাধিকার বিভাগে আমাদের কার্যক্রমে তার কথা ও কর্মকাণ্ড আমাদের জন্য ব্যাপকভাবে মূল্যবান হয়ে আছে।"

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

[আনসাবস্কাইব করুন](#)